

🔳 আল-মুতাফফিফীন | Al-Mutaffifin | الْمُطَفِّفِين

আয়াতঃ ৮৩:১৮

আরবি মূল আয়াত:

كَلَّا إِنَّ كِتْبَ الأَبرَارِ لَفِي عِلِّيِّينَ ﴿ ١٨١﴾

🗚 আনুবাদসমূহ:

কখনো নয়, নিশ্চয় নেককার লোকদের আমলনামা থাকবে ইল্লিয়্যীনে ।* — আল-বায়ান

(ভাল-মন্দের বিচার হবে না, শাস্তি-পুরস্কার কিছুই হবে না তা) কক্ষনো না, নিশ্চয়ই সৎলোকদের 'আমালমানা 'ইল্লিয়ীনে (সংরক্ষিত) আছে। — তাইসিরুল

অবশ্যই পুণ্যবানদের 'আমলনামা ইল্লিয়্যীনে থাকবে, — মুজিবুর রহমান

No! Indeed, the record of the righteous is in 'illiyyun. — Sahih International *আমল নামা। অথবা সপ্তম আকাশে জান্নাতের নিচে অবস্থিত একটি স্থান। অথবা জান্নাতের সর্বোচ্চ মর্যাদাপূর্ণ স্থান।

১৮. কখনো নয়, নিশ্চয় পূণ্যবানদের আমলনামা ইল্লিয়্যীনে(১),

(১) কারও কারও মতে عليّ শব্দটি علي এবর বহুবচন। উদ্দেশ্য উচ্চতা। [ইবন কাসীর] আবার কেউ কেউ বলেন, এটা জায়গার নাম- বহুবচন নয়। [কুরতুবী; ইবন কাসীর] বারা ইবনে আযেব রাদিয়াল্লাহু আনহু-এর হাদীসে এসেছে যে, ফেরশেতাগণ রহ নিয়ে উঠতেই থাকবেন عزّ وَجَلّ اللهُ عزّ وَجَلّ "শেষ পর্যন্ত সপ্তম আসমানে উঠবেন তখন মহান আল্লাহ বলবেন, আমার বান্দার কিতাব ইল্লিয়ীনে লিখে নাও।" [মুসনাদে আহমাদ: ৪/২৮৭]। এ থেকে প্রমাণ পাওয়া যায় যে, ইল্লিয়ীন সপ্তম আকাশে আরশের কাছে এক স্থানের নাম। এতে মুমিনদের রহ ও আমলনামা রাখা হয়। [ইবন কাসীর ইবন আব্বাস থেকে]

তাফসীরে জাকারিয়া

১৮। অবশ্যই পুণ্যবানদের আমলনামা ইল্লিয়্যীনে থাকবে। [1]

[1] علیین (ইল্লিয়্যীন) শব্দটি علی থেকে এসেছে (যার অর্থ মহা উচ্চ), এটা হল 'সিজ্জীন' শব্দের বিপরীত। এটা আসমানে অথবা জান্নাতে কিংবা সিদরাতুল মুন্তাহায় কিংবা আরশের নিকটবর্তী এক স্থান। যেখানে নেক লোকদের আত্মা এবং তাদের আমল-নামা সংরক্ষিত আছে। যার নিকটে আল্লাহর নৈকট্যপ্রাপ্ত ফিরিশতা উপস্থিত হন।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5866

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন